

সেমিনারে

অসংখ্য মানুষের ভীড়ে হারিয়ে যায় সন্দ্বা
সবাই কিছু বলতে চায়, অগুণ্ঠি বক্তা।
খাঁটি সোনা মিশে যায় রাশি রাশি ধুলায়
ধনাট্য ভাবনা কতোই মাটিতে গড়ায় !

যত্নে-চিন্তায় গড়া যতো ঝুড়ি ঝুড়ি বুদ্ধি
শোনে না শ্রোতা মন দিয়ে, থাকে নাকো শুন্দি।
অঙ্কুরিতের বেদনায় আকুলিত আশা
শত সহস্র বাধাতেও বাঁধতে ব্যস্ত বাসা !

তুমি আমি দূরে-কাছে অনেকে আছে-
নিজেকে প্রকাশিতে কে না ভালবাসে ?
বাঁচার তাগিদ বড়-একেলাই যুবি
অসংখ্য ভীড়ের মাঝে ‘অঙ্গিজেন’ খঁজি !

এয়াবৎ যেথা গেছি দাঁড়কাক ডাকে !
কোকিল, ঢিয়া, কাকাতুয়া কদাপি বা থাকে !
অধিকতর জাবর কাটে পুরোনো যত ঘাসে,
তরঙ্গ, সুন্দর, প্রতিভাদীপ্তি কশ্চিংহ আসে।

নতুন কিছু আলাপ হয় সেমিনারের ফাঁকে
কিছু কাল আলাপন প্রাণবন্তও থাকে !
সর্বাধিক এই লাভ সেমিনারে পাই
এর অধিক এখনো তো আমার হয় নাই !